## জাঁকিয়ে শীত

একধাক্কায় পারদ নামতে চলছে ৪ ডিগ্রি। পড়বে জাঁকিয়ে শীত। পাঁচ জেলায় হলুদ সতর্কতা জারি। রয়েছে কুয়াশার সতর্কবার্তাও। একসঙ্গে চলবে উত্তুরে হাওয়াও। মকরসংক্রান্তি স্নানের আগে ভালই টের পাওয়া যাবে শীত




# সান্ধ্য জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in


**পুরুলিয়ায় এসটিএফের জালে মাওনেতা সব্যসাচী**



**গঙ্গাসাগরে এসে অসুস্থ মহিলাকে এয়ারলিফ্ট করে নেওয়া হল বাঙুরে**




বর্ষ - ১, সংখ্যা ২৩১ ● ১২ জানুয়ারি, ২০২৪ ● ২৬ পৌষ ১৪৩০ ● শুক্রবার ● ৩ পাতা ● Vol. 1, Issue - 231 ● JAGO BANGLA ● FRIDAY ● 12 JANUARY, 2024 ● 3 Pages


### অধিকারী প্রাইভেট লিমিটেডের বাড়ি সিবিআই-ইডি যাবে না কেন ?

# ভোটের জন্যে ক্যাডারের মতো এজেন্সিকে নামাচ্ছে বিজেপি


প্রতিবেদন : ইডি অভিযানের নেপথ্যে বিজেপির পূর্বপরিকল্পিত চক্রান্ত যে দিনের আলোর মতোই স্পষ্ট, শুক্রবার তা আরও একবার চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিলেন তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক, মুখপাত্র কুণাল ঘোষ। বিজেপিকে এক হাত নিয়ে তাঁর মন্তব্য, আবার ইডির তল্লাশি এবং সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে। পুরো ঘটনাটাই ঘটেছে বিজেপির অঙ্গুলিহেলনে। বিজেপির তৈরি করে দেওয়া প্রতিহিংসার রাজনীতির স্ক্রিপ্টের উপর দাঁড়িয়ে সুজিত বসু, তাপস রায়, সুবোধ চক্রবর্তীদের বাড়িতে রেইড হচ্ছে। তৃণমূল মুখপাত্রের যুক্তি, পরিষ্কার বোঝা যাচ্ছে বিজেপি নেতারা তাঁদের প্রতিদ্বন্দ্বীদের লিস্ট এজেন্সিকে পৌঁছে দিচ্ছে এবং এজেন্সিকে দিয়ে অভিযানের নামে বিরূপ প্রতিক্রিয়া তৈরির চেষ্টা চালাচ্ছেন মানুষের মনে। বিজেপি নিজেদের অক্ষমতা এবং দুর্বলতা ঢাকতেই যে এই পথ নিয়েছে, জনসমক্ষে তাও যুক্তি দিয়ে তুলে ধরেছে তৃণমূল। উত্তর ২৪ পরগনার দমদম ও বসিরহাটে সুজিত বসুকে অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব দিয়েছেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবং তাপস রায় তৃণমূলের রাজ্যস্তরের তো বটেই, উত্তর ২৪ পরগনাতেও গুরুত্বপূর্ণ দায়িত্বে। সেই কারণেই দু’জনকে টার্গেট করেছে বিজেপি। যাতে ব্যস্ত রাখা যায় তাঁদের। তৃণমূল মুখপাত্রের কথায়, আসলে রাজনৈতিকভাবে লড়তে না পেরে কখনও সিবিআই, কখনও ইডি আবার কখনও বা এনআইএর মতো কেন্দ্রীয় এজেন্সিকে ব্যবহার করছে বিজেপি। প্রাসঙ্গিকভাবেই তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক তুলেছেন সেই যুক্তিসঙ্গত প্রশ্ন, সিবিআইয়ের এফআইআরে নাম থাকা সত্ত্বেও কেন তল্লাশি চালানো হচ্ছে না গদ্দারের বাড়িতে? সারদা-নারদায় গদ্দার যে অভিযুক্ত তা আবারও মনে করিয়ে দিয়েছেন তৃণমূল মুখপাত্র। তাঁর অভিযোগ, তৃণমূল নেতাদের বাড়িতে রেইডে গিয়ে অভব্য ব্যবহার করছে ইডি।

### একনজরে

- সুজিত বসুকে দমদম এবং বসিরহাটের দায়িত্ব দিয়েছেন দলনেত্রী। তাই তাঁকে ব্যস্ত রাখার চক্রান্ত
- তাপস রায় রাজ্যস্তরের গুরুত্বপূর্ণ নেতা এবং উত্তর ২৪ পরগনাতেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই তাঁকে টার্গেট করা হচ্ছে
- বিজেপি মাঠ ফাঁকা করতে চাইছে। কিন্তু ওরা মূর্খের স্বর্গে বাস করছে
- কাঁথি পুরসভার দুর্নীতির ব্যাপারে চোখ বুজে কেন কেন্দ্রীয় এজেন্সি? কেন গদ্দারকে গ্রেফতার করা হচ্ছে না
- আসলে রাজ্য বিজেপি লিস্ট পাঠাচ্ছে দিল্লিকে। সেই লিস্ট তুলে দেওয়া হচ্ছে ইডির হাতে

## স্বামীজির ১৬২তম জন্মদিবসে শ্রদ্ধা মমতা বন্দ্যোপাধ্যায়ের

প্রতিবেদন : আজ, ১২ জানুয়ারি বাংলা তথা দেশের বীর সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের জন্মদিন। তরুণ প্রজন্মের আদর্শ মহামানব স্বামীজিকে তাঁর ১৬২তম জন্মদিনে শ্রদ্ধার্ঘ্য জানিয়ে সোশ্যাল মিডিয়া পোস্ট করেছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। স্বামীজির ছবি এবং বেলুড় মঠের ছবি সম্বলিত পোস্টে লেখা হয় ‘ওই মহামানব আসে, দিকে দিকে রোমাঞ্চ লাগে মর্ত্যধূলির ঘাসে ঘাসে’।




মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছিলেন যে, স্বামীজির জন্মদিনে রাজ্যের বিভিন্ন প্রান্তে নানা অনুষ্ঠান হবে। সেইমতো সকাল থেকেই শুরু হয়েছে প্রস্তুতি। পাড়ার ক্লাব থেকে সরকারি স্কুল সর্বত্রই আজ সসম্মানে স্বামী বিবেকানন্দের জন্মদিন পালিত হচ্ছে। ১৮৬৩ সালের ১২ জানুয়ারি কলকাতায় নরেন্দ্রনাথ দত্ত জন্মগ্রহণ করেন। আধ্যাত্মিক পথ অবলম্বন করার পর তিনি স্বামী বিবেকানন্দ নামে পরিচিত হন। ভারতের যুব আইকন তথা তরুণ সন্ন্যাসী ১৮৯৭ সালে কলকাতায় রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা করেন। একই সময়ে, ১৮৯৮ সালে, গঙ্গানদীর তীরে বেলুড়ে রামকৃষ্ণ মঠও প্রতিষ্ঠিত হয়েছিল। ১৮৯৩ সালের ১১ সেপ্টেম্বর আমেরিকায় বিশ্ব ধর্ম সাধারণ পরিষদের আয়োজন করা হয়। স্বামী বিবেকানন্দ এই অনুষ্ঠানে অংশ নেন। তাঁর ভাষণের পর শিকাগোর আর্ট ইনস্টিটিউটে প্রায় দুই মিনিট ধরে করতালি ধ্বনিত হয়েছিল, যা ভারতের ইতিহাসে গৌরব ও সম্মানের ঘটনা হিসেবে লিপিবদ্ধ রয়েছে।




■ সিমলা স্ট্রিটে স্বামীজিকে শ্রদ্ধা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের।

## স্বামীজির পুণ্যভূমিতে রাজনীতি নয় : অভিষেক

### যারা এই কাজ করছেন সেটা তাদের রুচি ও শিক্ষার বিষয়

প্রতিবেদন : স্বামী বিবেকানন্দকে শ্রদ্ধা জানাতে এসে তাঁর বাড়িতে দাঁড়িয়ে কোনও রাজনৈতিক প্রশ্নের উত্তর দেওয়াটা সমীচিন নয়। এটা দৃষ্টিকটু। যারা এই কাজ করে তাদের অভিরুচি ও বেড়ে ওঠার মধ্যে, শিক্ষা-দীক্ষার মধ্যে সমস্যা আছে। আজ, শুক্রবার দুপুরে স্বামী বিবেকানন্দের ১৬২তম জন্মদিবসে তাঁর সিমলা স্ট্রিটের বাড়িতে শ্রদ্ধা জানাতে গিয়ে সাফ বললেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর কথায়, এখানে স্বামীজিকে শ্রদ্ধা জানাতে এসেছি। আগামী দিনে সামাজিক ক্ষেত্রে তাঁর মতাদর্শকে পথ চলার প্রেরণা হিসেবে যাতে কাজে লাগাতে পারি সেই ভাবনা থেকেই আসা। এখানে এসে স্বামীজিদের আশীর্বাদ নিলাম। আমি প্রতিবছরই এই দিনটাই এখানে আসি। এই পুণ্যভূমিতে দাঁড়িয়ে কোনওরকমভাবেই রাজনৈতিক কথা বলব না। বলা উচিত নয়। এখানে সবাই আসতে পারেন। জাতি-ধর্ম নির্বিশেষে সকলেই স্বামীজিকে শ্রদ্ধা জানাতে আসেন। বিভিন্ন রাজনৈতিক দলও এখানে আসে। কিন্তু এই মাটিতে দাঁড়িতে রাজনৈতিক মন্তব্য করা আমার রুচিবিরুদ্ধ। আমি তা করব না। এর পরে যখন আপনাদের (এরপর ২ পাতায়)



■ নির্মীয়মাণ তৃণমূল ভবনের কাজ খতিয়ে দেখছেন অভিষেক।

## তৃণমূল ভবনের কাজ দেখলেন অভিষেক

প্রতিবেদন : তপসিয়ায় নির্মীয়মাণ তৃণমূল ভবনের কাজ ঘুরে দেখলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। শুক্রবার দুপুরে সিমলা স্ট্রিটে স্বামীজিকে শ্রদ্ধা জানিয়ে সোজা তপসিয়ার পৌঁছন তিনি। সেখানেই পুরনো তৃণমূল ভবন ভেঙে নতুন করে তা গড়ে উঠছে। গতবছর ১ জানুয়ারি যার ভিত্তিপ্রস্তর স্থাপন ও ভূমিপূজা করেছিলেন তিনি। এদিন কাজ কতটা এগোচ্ছে তা খতিয়ে দেখেন ইঞ্জিনিয়ারদের কাছ থেকে। দ্রুত এগোচ্ছে কাজ।

## রাজ্য জুড়ে বিবেকানন্দ স্মরণে তৃণমূল



■ বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে বিবেক চেতনা উৎসবের সূচনায় স্বামীজির মূর্তিতে শ্রদ্ধা জানাচ্ছেন মন্ত্রী অরূপ বিশ্বাস। স্বামী মহাপ্রজ্ঞানন্দজি প্রমুখ।

প্রতিবেদন : যুগাবতার স্বামী বিবেকানন্দ যুব সমাজের আদর্শ ও সর্বধর্ম সমন্বয়ের পথ প্রদর্শক। তাঁর ১৬২তম জন্মদিবসে সেই মহাত্মাকে স্মরণ করল তৃণমূল কংগ্রেস। শুক্রবার দিনভর কলকাতা-সহ রাজ্য জুড়ে একাধিক কর্মসূচি ছিল তৃণমূল কংগ্রেসের। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে স্বামীজির প্রতি সশ্রদ্ধ প্রণাম জানান। স্বামী বিবেকানন্দের পৈতৃক বাড়িতে গিয়ে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন তৃণমূলের (এরপর ২ পাতায়)

বিকেলের TOP 10

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

২
১২ জানুয়ারি ২০২৪
শুক্রবার

## রাজ্য

- বাতিল হতে পারে টোকেন, নয়া টিকিট ব্যবস্থা আনছে মেট্রো কর্তৃপক্ষ।
- দিল্লির পর কলকাতায় চালু হবে চালকহীন স্বয়ংক্রিয় মেট্রো।
- সালানপুরের জঙ্গলে উদ্ধার ৩ দিন ধরে নিখোঁজ ছাত্রীর অর্ধনগ্ন দেহ।
- সাতসকালে চৌবাগা খালে উদ্ধার যুবকের দেহ, খুনের অভিযোগ।
- পুরুলিয়া পুলিশের হাতে গ্রেফতার কুখ্যাত মাওবাদী নেতা।
- প্রেমে ধাক্কা খেয়ে শিলিগুড়িতে আত্মঘাতী যুবক, বন্ধ ফ্ল্যাটে উদ্ধার দেহ।
- কলকাতা পুলিশ দায়িত্ব নিতেই ভাঙড়ের পোলেরহাটে উদ্ধার বোমা।
- সাগরমেলা থেকে আকাশপথে বাঙ্গুর হাসপাতালে দুই অসুস্থ পুণ্যার্থী।
- মাটিগাড়ায় উদ্ধার অজ্ঞাতপরিচয় যুবকের দেহ, তদন্তে পুলিশ।
- ইংরেজবাজারে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেল লরি, মৃত্যু খালাসির।

## দেশ

- নির্বাচন কমিশনার নিয়োগের আইন নিয়ে কেন্দ্রকে নোটিশ সুপ্রিম কোর্টের।
- পাকিস্তানে লস্কর জঙ্গি হাফিজ ঘনিষ্ঠ মুম্বই হামলার চক্রী ভুট্টভি।
- তিন ডিগ্রিতে নামল দিল্লির তাপমাত্রা, সঙ্গে দোসর দূষণ-কুয়াশা।
- শুধু ভিনধর্মী যুগলকে মারধরই নয়, মুসলিম মহিলাকে ধর্ষণ! কর্নাটকে চাঞ্চল্য।
- খুন হওয়া মডেল দিব্যার দেহ গায়েবের অভিযোগ, কলকাতা বিমানবন্দর থেকে গ্রেফতার অভিযুক্ত।
- মালদ্বীপ: ভারতীয়রা মুখ ফেরাতেই দিনে ক্ষতি হচ্ছে সাড়ে ৮ কোটি টাকা।
- ভারতের ম্যাঙ্গো লস্যি পেল বিশ্বের সেরা দুগ্ধজাতীয় পানীয়ের তকমা।
- দেশের স্বচ্ছতম শহরের তকমা পেল ইন্দোর ও সুরাত।
- টাকা নিয়ে পলাতক, রক্তদানের নামে প্রতারণার অভিযোগে দিল্লি থেকে গ্রেফতার তরুণ।
- কিশোরবেলার সত্যিকারের প্রেম, আইন দিয়ে আটকানো যায় না: দিল্লি হাইকোর্ট।

## বিদেশ

- পাকিস্তানে আবার মৃত্যু লস্কর নেতার! এবার হাফিজ ঘনিষ্ঠ ২৬/১১ সন্ত্রাসের চক্রী ভুট্টভি।
- ইয়েমেনে হানা আমেরিকা, ব্রিটেনের! ক্ষেপণাস্ত্রে গুঁড়িয়ে গেল বিদ্রোহী হাউথিদের বেশ কিছু ডেরা।
- শনিতে প্রেসিডেন্ট এবং পার্লামেন্ট ভোট তাইওয়ানে, নির্বাচন ঘিরে বাগ্‌যুদ্ধে আমেরিকা এবং চিন।
- বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসাবে শপথ হাসিনার, অর্থমন্ত্রী মাহমুদ, বিদেশে হাছান।
- 'মালদ্বীপের সার্বভৌমত্ব রক্ষায় সব সাহায্য করবে চিন', জিনপিংয়ের আশ্বাস।
- নির্বাচন কমিশনের সিদ্ধান্ত খারিজ, পাক সুপ্রিম কোর্ট ফিরিয়ে দিল ইমরানের দলের নির্বাচনী প্রতীক।
- লোহিত সাগরে যুদ্ধের ডঙ্কা, "দু'বার ভাবব না", হাউথিদের উপর হামলা নিয়ে সুর চড়ালেন বাইডেন।
- নিউইয়র্কে নতুন নিয়ম জারির পর কেমন আছেন অভিবাসনপ্রত্যাশীরা।
- গণহত্যার অভিযোগের বিষয়ে আইসিজেতে আজ পাল্টা বলবে ইজরায়েল।
- ইয়েমেনে সংঘাত এড়ানোর আহ্বান সৌদি আরবের।

## খেলা

- কোভিড আক্রান্ত স্যান্টনার, নেই পাকিস্তানের বিরুদ্ধে প্রথম টি-২০'তে।
- রাগ হয়, হতাশ লাগে। রান আউটের পর মাথাগরম করা নিয়ে রোহিত শর্মা।
- শুরুতে চাপে ছিলেন, মোহালিতে ম্যাচের সেরা হয়ে বললেন শিবম দুবে।
- ম্যাচ হেরে আফগান অধিনায়ক জাদরানের দাবি, ১৫ রান কম হয়েছিল।
- প্রথম প্লেয়ার হিসেবে ১০০ টি-২০ আন্তর্জাতিক ম্যাচ জয় রোহিতের।
- বিরাট কোহলি সব রেকর্ড ভেঙে দিতে পারে। বললেন ক্লাইভ লয়েড।
- ভারতকে কুড়ির বিশ্বকাপ জিততে বিরাট-রোহিতকে দরকার : এবি।
- বিগ ব্যাশের ম্যাচ খেলতে হেলিকপ্টারে চড়ে সিডনির মাঠে ওয়ার্নার।
- সৌদি আরবে ফের স্প্যানিশ সুপার কাপের ফাইনালে এল ক্লাসিকো।
- বাছাইপর্বে সব ম্যাচ জিতে অস্ট্রেলিয়ান ওপেনের মূলপর্বে সুমিত।

# নারীর ক্ষমতায়নের প্রতিফলন স্বাস্থ্যসাথীতে



**সৈকত চৌধুরী**
উপমুখ্য প্রশাসক, হাওড়া পুরসভা

*(বুধবারের পর)*

২০১২ সালে শুরু হওয়া এই স্কিমটি মহিলাদের স্ব-সহায়ক গোষ্ঠীতে (SHG) সংগঠিত করে বাস্তবায়িত হয়। 'আনন্দধারা' প্রকল্পের মাধ্যমে কৃষি ও গ্রামীণ উন্নয়ন, খাদ্য নিরাপত্তার উন্নতি এবং গ্রামীণ দারিদ্র দূরীকরণে গ্রামীণ মহিলাদের গুরুত্বপূর্ণ ভূমিকা ও অবদানকে উৎসাহিত ও সাহায্য দেওয়া হয়।

নারীর ক্ষমতায়নে একটি বড় পদক্ষেপ লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্প। এর দ্বারা গৃহবধূরা সামান্য হলেও অর্থনৈতিক স্বাধীনতার মুখ দেখবেন। সারাদিন ধরে মজুরি ছাড়া গৃহকাজ করে যাওয়া নীরব কর্মী বধূ সামান্য খরচ করার জন্য নিজের স্বামী অথবা সন্তানের মুখাপেক্ষী হয়ে থাকবেন না। সার্বিকভাবে প্রান্তিক সমাজের কাছে উদ্বৃত্ত অর্থ এলে ব্যয় বাড়বে, ফলে চাহিদা এবং উৎপাদন বৃদ্ধি পাবে। রাজ্য সরকারের এই প্রকল্পের রূপরেখা দেখে উৎসাহিত হয়ে সহজ শর্তে এবং কম সুদে ঋণ দিয়ে সাহায্য করার অঙ্গীকার করেছে বিশ্বব্যাঙ্ক।

নারীদের প্রাধান্য দিয়ে পশ্চিমবঙ্গ সরকার স্বাস্থ্যসাথী প্রকল্পের মাধ্যমে পরিবার প্রতি বার্ষিক ৫ লাখ টাকা পর্যন্ত প্রদান করছে। এই স্বাস্থ্যসাথী প্রকল্পের মাধ্যমে রাজ্য সরকারকে পশ্চিমবঙ্গের নাগরিকদের জন্য বছরে আনুমানিক ২,০০০ কোটি টাকা খরচ করতে হয়। প্রাথমিক এবং উচ্চবিদ্যালয়ে ছেলেদের তুলনায় মেয়েদের ভর্তির হার সারা দেশেই উদ্বেগজনকভাবে কম। বাংলায় সেই ছবির ক্রমশ পরিবর্তন হচ্ছে গত তেরো বছরে। স্কুলছুটের সংখ্যাও সারা দেশে মেয়েদের মধ্যে বেশি। এ-রাজ্যে উল্লেখযোগ্যভাবে মেয়েদের স্কুলে ভর্তি বৃদ্ধির সঙ্গে সঙ্গে স্কুলছুটের সংখ্যা কমছে, কারণ কন্যাশ্রী। প্রান্তিক ঘরের কন্যাসন্তানের ভাগ্যে ভিনরাজ্যে পণ্য হিসাবে পাচার হয়ে যাওয়াই যেন ভবিতব্য ছিল। তাই রূপশ্রী। এর ফলে বাংলায় নিখোঁজ হয়ে যাওয়া মেয়েদের সংখ্যা কমছে। *(চলবে)*

# গঙ্গাসাগর থেকে এয়ার অ্যাম্বুল্যান্সে কলকাতায় আনা হল অসুস্থ রোগীকে

**প্রতিবেদন** : গঙ্গাসাগরের মেলায় গিয়ে আচমকাই হৃদরোগে আক্রান্ত হলেন বিহারের সীতামারির বাসিন্দা বছর পঞ্চান্নর সুমিত্রাদেবী। সঙ্গে সঙ্গে তাঁকে নিয়ে যাওয়া হয় মেলার মেডিক্যাল ক্যাম্পে। সেখানে চিকিৎসকরা তাঁর শারীরিক পরীক্ষা করেন। পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে চিকিৎসকরা সুমিত্রা দেবীকে অবিলম্বে কলকাতায় পাঠানোর সিদ্ধান্ত নেন। তৈরি ছিল মেলার এয়ার অ্যাম্বুল্যান্স। সঙ্গে সঙ্গে স্থানীয় প্রশাসনের সাহায্যে সুমিত্রাদেবীকে এয়ার অ্যাম্বুল্যান্সে করে কলকাতায় পাঠানোর ব্যবস্থা করা হয়। কলকাতায় এনে তাঁকে এম আর বাঙ্গুর হাসপাতালে ভর্তি করা হয়। গুরুতর ও মুমূর্ষু রোগীদের বাঁচানোর জন্য রাজ্য সরকারের উদ্যোগে গত কয়েক বছরের মতো এবারও গঙ্গাসাগর মেলায় রাখা হয়েছে এয়ার অ্যাম্বুল্যান্স পরিষেবা। মেলায় স্বাস্থ্য পরিষেবায় বিশেষ জোর দিয়েছে প্রশাসন। পুণ্যার্থীদের জন্য ২,২৫০ সরকারি বাস ও ৫০০ বেসরকারি বাসের বন্দোবস্ত করা হয়েছে।



গঙ্গাসাগর মেলা থেকে এয়ার অ্যাম্বুল্যান্সে তোলা হচ্ছে বিহারের বাসিন্দা অসুস্থ রোগীকে।

পুণ্যার্থীদের সাহায্য করতে সব বাসে রয়েছেন সাগরবন্ধুরা। এছাড়াও ১০০টি অ্যাম্বুল্যান্স, ১টি এয়ার অ্যাম্বুল্যান্স এবং ৪টি ওয়াটার অ্যাম্বুল্যান্সও রাখা হয়েছে মেলা প্রাঙ্গণে। সেই এয়ার অ্যাম্বুল্যান্স পরিষেবাকে কাজে লাগিয়েই প্রাণ বাঁচানো গেল এক রোগীর।

# বিবেকানন্দ স্মরণে তৃণমূল

(প্রথম পাতার পর)

সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। যুগপুরুষের জন্মজয়ন্তীতে শ্রদ্ধা জানাতে তৃণমূল মহিলা কংগ্রেসের সভানেত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ও চেয়ারপার্সন মালা রায়ের নেতৃত্বে কলকাতায় শোভাযাত্রার আয়োজন করা হয়। রাজ্যের যুব কল্যাণ ও ক্রীড়া দফতরের উদ্যোগে বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে 'বিবেক চেতনা উৎসব'-এর সূচনা করেন মন্ত্রী অরূপ বিশ্বাস। স্বামী বিবেকানন্দের মূর্তিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন তিনি। উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বেলুড়ের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ মহারাজ, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের প্রধান শিক্ষক স্বামী ইষ্টেশানন্দ মহারাজ প্রমুখ। গোলপার্কে স্বামীজির মূর্তিতে শ্রদ্ধাজ্ঞাপন করেন মেয়র পারিষদ বৈশ্বানর চট্টোপাধ্যায়। বিধাননগরে শ্রদ্ধা জানান মেয়র কৃষ্ণা চক্রবর্তী।

বেলুড় মঠে মঙ্গলারতির পর বর্ণাঢ্য শোভাযাত্রা হয় স্বামীজির ছবি নিয়ে। কামারপুকুর রামকৃষ্ণ মঠেও সাড়ম্বরে পালিত হয় দিনটি। জলপাইগুড়ি রামকৃষ্ণ আশ্রমের পক্ষ থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা করা হয়। হুগলি জেলা প্রশাসন ও চন্দননগর পুলিশও যৌথভাবে 'রান ফর হেলথ ও ভোট ফর ডেমোক্রেসি' স্লোগানকে সামনে রেখে মিনি ম্যারাথনের আয়োজন করে। হুগলি জেলাশাসক মুক্তা আর্য, চন্দননগর পুলিশ কমিশনার অমিত পি জাভালগি সহ জেলা প্রশাসন ও পুলিসের উচ্চপদস্থ কর্তারা ম্যারাথনে অংশ নেন। চুঁচুড়ায় শহর তৃণমূল কংগ্রেস কমিটির উদ্যোগে বর্ণাঢ্য শোভাযাত্রার নেতৃত্বে ছিলেন বিধায়ক অসিত মজুমদার। আসানসোল রামকৃষ্ণ মিশনের পক্ষ থেকে শোভাযাত্রায় ছিলেন আসানসোল রামকৃষ্ণ মিশনের স্বামী সোমাত্মানন্দজি মহারাজ, আসানসোলের পুরপ্রধান অমরনাথ চট্টোপাধ্যায়, উপপুরপ্রধান অভিজিৎ ঘটক ও এমএমআইসিরা।

## যুবকের মৃত্যু

**প্রতিবেদন** : ভুল ট্রেনে উঠে পড়েছিলেন যুবক। চলন্ত ট্রেন থেকে নামতে গিয়ে প্রাণ গেল যুবকের। মালদহের কুমেদপুর জংশনের ঘটনা। মৃতের নাম মৌলনা সামসাদ আলি। বাড়ি হরিশ্চন্দ্রপুর থানার মহেন্দ্রপুর পঞ্চায়েতের বাগমারা গ্রামে। জয়পুরে কাজের উদ্দেশ্যে বেরিয়েছিলেন তিনি। হরিশ্চন্দ্রপুর স্টেশনে ভুল করে বালুরঘাট এক্সপ্রেস ট্রেনে উঠে পড়েন।

## যুবদের হতাশ করেছে বিজেপি

**প্রতিবেদন** : যুব সমাজকে চূড়ান্ত হতাশ করেছে বিজেপি। বিজেপির প্রতারণার স্বর্গে তরুণরা আজ ধ্বংসের মুখে দাঁড়িয়ে রয়েছে। শুক্রবার স্বামী বিবেকানন্দের ১৬২তম জন্মদিবসে যুব সমাজের করুণ অবস্থার কথা পরিসংখ্যান আকারে তুলে ধরে কেন্দ্রের বিজেপি সরকারকে একহাত নিল তৃণমূল। এদিন যুব দিবসে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে ট্যুইট করে জানানো হয়, তরুণদের ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তাঁর আমলে বিজেপির প্রতারণার স্বর্গে বেকারত্ব বৃদ্ধি পেয়েছে। অর্থনৈতিক বৃদ্ধির থেকে বেকারত্বের বৃদ্ধির হার অনেক বেশি। পরিসংখ্যান তুলে ধরে জানানো হয়, ২০২৩ সালে শেষ ত্রৈমাসিকে ২০ থেকে ২৪ বছর বয়সিদের মধ্যে বেকারত্ব বেড়ে হয়েছে ৪৪.৪৯ শতাংশ। গ্রামীণ বেকারত্ব বেড়ে হয়েছে ৪৩.৭৯ শতাংশ। কেন্দ্র ক্রমশ ধ্বংসের মুখে এগিয়ে দিচ্ছে যুব সমাজকে।

## পুণ্যভূমিতে রাজনীতি নয়

(প্রথম পাতার পর)

সঙ্গে আমার দেখা হবে, তখন আপনাদের প্রশ্নের উত্তর দেব বা রাজনৈতিক কথা বলব। সংবাদ মাধ্যমকে একথা জানিয়ে সিমলা স্ট্রিট ছাড়েন অভিষেক। তিনি আসবেন একথা জেনে এদিন সকাল থেকেই ঝাঁকে ঝাঁকে তৃণমূলের ছাত্র-যুবসহ সর্বস্তরের নেতা-কর্মীরা সিমলা স্ট্রিটে ভিড়ে করেন। তাঁকে ঢুকতে দেখেই উল্লাসে তাঁদের উপস্থিতি জানান দেন সকলে। অভিষেক বাইরে স্বামীজির মূর্তিতে মাল্যদান করেন। উপস্থিত সন্ন্যাসীদের প্রণাম করে আশীর্বাদ নেন। তার আগে বাড়ির ভেতরে স্বামীজির ছবি-সহ বিভিন্ন ঘরে গিয়ে শ্রদ্ধাজ্ঞাপন করেন। ঘুরে দেখেন স্বামীজির ব্যবহৃত সামগ্রী ও তাঁর ঘর। কিছুক্ষণ সিমলা স্ট্রিটে কাটিয়ে তপসিয়ায় তৃণমূল ভবনের দিকে চলে যান অভিষেক। এদিন সকালবেলায় বিজেপির দলবদলু গদ্দার স্বামীজিকে শ্রদ্ধার নাম করে পুণ্যভূমিতে দাঁড়িয়ে তৃণমূলকে কুকথার ফুলঝুরি ছোটায়। কোনও শিষ্টাচার বলে বস্তু এই গদ্দারের বা তার দলের লোকজনের নেই। কোথায় দাঁড়িয়ে কী বলতে হয়, তা জ্ঞানগম্যিও নেই। অভিষেক বন্দ্যোপাধ্যায় এদিন ফের প্রমাণ করলেন, শুধু রাজনীতি করলেই হয় না। তার সঙ্গে প্রয়োজন হয় শিক্ষা-দীক্ষা-সামাজিক-কৃষ্টি-সংস্কৃতি এবং মনীষীদের শ্রদ্ধা জানানোর মতো গোঁড়ার বিষয়গুলি, যা তৈরি হয় মানুষের বেড়ে ওঠার সময়ই। ঠিক এই জায়গাতেই অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে পার্থক্য বিজেপির গদ্দারের মতো নেতাদের। ফারাকটা এদিন আরও স্পষ্ট হল।

সম্পাদক : সুখেন্দুশেখর রায়

● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



# রাজ্য জুড়ে বিবেকানন্দ স্মরণ তৃণমূল কংগ্রেসের



















